global fund for children

গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন সেফগার্ডিং পলিসি

29 অক্টোবর, 2024 এ জিএফসি গ্লোবাল বোর্ড অফ ডিরেক্টরস এবং ইউকে ট্রাস্ট বোর্ড অফ ট্রাস্টি দ্বারা অনুমোদিত

জিএফসির সুরক্ষা নীতি

সূচীপত্র

নীতি বিবৃতি 4

নিরাপত্তা রক্ষায় ভূমিকা 5

রিপোর্টিং এবং প্রতিক্রিয়া পদ্ধতি 6

রিপোর্টিং ফ্লোচার্ট 9

প্রতিক্রিয়া পদ্ধতি 10

সংজ্ঞা 11

নিরাপদ নিয়োগ 11

আচরণবিধি 11

জিএফসির ক্ষেত্রে যোগাযোগের সুরক্ষা 12

অনুদানপ্রাপ্ত সংগঠনের সাথে কাজ করার পদ্ধতি 14

শিশু এবং তরুণদের সাথে সরাসরি কাজ করার বিধি 15

পরিশিষ্ট ১ – সুরক্ষার জন্য যোগাযোগ 16

পরিশিষ্ট ২ – জিএফসি সেফগার্ডিং কোড অফ কন্ডাক্ট বা আচরণবিধি 17

সুরক্ষার দায়িত্ব সকলের। এই নীতি সকলের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য:

- শিশুদের জন্য গ্লোবাল ফান্ড (রেজি : নর্থ ক্যারোলিনা)
- গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন ইউকে ট্রাস্ট (ইউকে চ্যারিটি নম্বর 1119544)
- সমস্ত জিএফসি পরিচালক, ট্রাস্টি এবং কমিটির সদস্য
- সকল কর্মী
- স্বেচ্ছাসেবক এবং ইন্টার্ন
- জিএফসির সহযোগী (পরামর্শদাতা, ঠিকাদার ও পরিষেবা সরবরাহকারী)
- সাংবাদিক এবং মিডিয়া কর্মী সহ সমস্ত জিএফসি ভিজিটর এবং জিএফসির অনুরোধ বা নির্দেশে যে কোনও ক্ষমতায় জিএফসির কাজ বা জিএফসি-সমর্থিত কাজ পরিদর্শন করা যে কোনও ব্যক্তি এই নীতিটি মেনে চলবেন বলে আশা করা হচ্ছে।

গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন (জিএফসি) এই নীতির যে কোনও প্রকার উল্লঙ্ঘনকে অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করবে। এই নীতি মেনে চলতে ব্যর্থ হলে শৃঙ্খলাভঙ্গ-বিরোধী পদক্ষেপ থেকে শুরু করে চুক্তি বাতিল পর্যন্ত শাস্তি স্বরূপ বলবৎ হতে পারে এবং প্রয়োজনে পুলিশ বা অনুরূপ বিধিবদ্ধ সংস্থার গোচরে আনা হবে।

ল বোর্ড অফ ডিরেক্টরস এবং ইউকে ট্রাস্ট বোর্ড অফ ট্রাস্টিস দ্বারা 29 অক্টোবর, 2024 এ অনুমোদিত

জ্ঞা

সুরক্ষা বলতে জিএফসি বোঝায় সংগঠনের আওতায় যারাই আসবে, তাদের যে কোন ক্ষতি, অপব্যবহার অথবা শোষণের থেকে প্রতিরোধ করা এবং তাদের সার্বিক সুস্থতা ও কল্যাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া। এর মধ্যে রয়েছে:

- •**প্রচারণা:** (ব্যক্তির) মর্যাদা, সম্মান এবং সুরক্ষার সংস্কৃতিকে উৎসাহিত করে, এমন নীতি ও কার্যপদ্ধতি গ্রহণ করা। যে কোন ধরণের ক্ষতিকারক আচরণকে চিহ্নিত করা ও তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

- •**প্রতিরোধ:** সংগঠন এবং এর ক্রিয়াকলাপগুলির সাথে সম্পর্কিত সমস্ত ধরণের ক্ষতি, অপব্যবহার বা শোষণ রোধ করার জন্য সক্রিয় পদক্ষেপ। এর মধ্যে রয়েছে গোষ্ঠী বা ব্যক্তিদের ক্ষতির ঝুঁকিতে রাখার জন্য ক্ষমতার ভারসাম্যহীনতা এবং কাঠামোগত বৈষম্যের ব্যবহার সীমাবদ্ধ করার জন্য নীতি বা অন্যান্য ব্যবস্থা প্রতিষ্ঠার প্রচেষ্টা করা।

- •**সুরক্ষা:** সংগঠন এবং এর ক্রিয়াকলাপগুলির সাথে সম্পর্কিত কোনও প্রকৃত বা সন্দেহজনক ক্ষতি, অপব্যবহার বা শোষণ মোকাবিলার জন্য সময়মত পদক্ষেপ। এর মধ্যে প্রাসঙ্গিক সংস্থা এবং কর্তৃপক্ষকে সংস্থার বাইরে ঘটে যাওয়া ক্ষতি, অপব্যবহার বা শোষণ সম্পর্কে অবহিত করার প্রক্রিয়া নিশ্চিত করাও অন্তর্ভুক্ত।

সুরক্ষা একটি পরিব্যাপ্ত শব্দ এবং এতে শিশু সুরক্ষা এবং যৌন শোষণ, অপব্যবহার এবং হয়রানি (পিএসইএএইচ) থেকে সুরক্ষার কথা বলা হয়েছে।

জিএফসি স্বীকার করে যে আমরা যে অঞ্চলে কাজ করি, সুরক্ষার প্রসঙ্গটি সেখানকার স্থানকাল নির্দিষ্ট, এবং সুরক্ষার সিদ্ধান্ত নেওয়ার সময় স্থানীয় প্রেক্ষাপট বিবেচনা করা হবে।

এই নীতিটি সংস্থার অভ্যন্তরে, সহভাগী সংগঠন (পার্টনার) এর সাথে এবং বৃহত্তর সম্প্রদায়ের সাথে ক্ষতি, শোষণ, অপব্যবহার এবং হয়রানি প্রতিরোধের জন্য জিএফসির দৃষ্টিভঙ্গিকে নির্দেশ করে।

সুরক্ষা নিয়োগকর্তা হিসাবে জিএফসির দায়িত্বগুলিকে অন্তর্ভুক্ত করে এবং এই নীতিটি এগুলির সাথে একত্রে পড়া উচিত–

- নিম্নলিখিত বিশেষ নীতিগুলো এবং তৎসহ স্টাফ হ্যান্ডবুক ও কর্মসংস্থান নীতিগুলি
- জিএফসি স্বাস্থ্য ও সুরক্ষা নীতি (শুধুমাত্র ইউকে)
- কর্মচারী আচরণবিধি
- জিএফসি আধুনিক দাসত্ব (বিরোধী) বিবৃতি, বা মডার্ন স্লেভারি স্টেটমেন্ট
- হুইসল ব্লোয়ার নীতি
- অ্যান্টি-বুলিং বা হয়রানি বিরোধী নীতি
- অভিযোগ (নিষ্পত্তি) ও শৃঙ্খলাভঙ্গ বিরোধী কার্যপদ্ধতি
- স্বার্থের সংঘাত নীতি
- গোপনীয়তা নীতি

নীতি বিবৃতি

গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন (জিএফসি) বিশ্বজুড়ে শিশু ও তরুণদের সাথে কাজ করে এমন স্থানীয় সংস্থাগুলিতে বিনিয়োগ করে। আমাদের বিশ্বব্যাপী অনুদানের কর্মসূচিগুলি শিক্ষা, লিঙ্গসাম্য, যুব ক্ষমতায়ন, জলবায়ু সহিষ্ণুতা, মানসিক স্বাস্থ্য এবং হিংসা ও শোষণ থেকে মুক্তি সহ বিভিন্ন সামাজিক ন্যায়বিচারের বিষয়গুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার কাজে সহায়তা প্রদান করে।

হয়রানি, শোষণ ও নির্যাতনের বিরুদ্ধে গ্লোবাল ফান্ড ফর চিলড্রেনের শূন্য-সহিষ্ণুতা বা জিরো টলারেন্স নীতি রয়েছে। জিএফসি-তে আমরা বিশ্বাস করি যে সমস্ত মানুষের অধিকার রয়েছে বয়স, লিঙ্গ, যৌনতা, যৌন দৃষ্টিভঙ্গি, অক্ষমতা, ধর্ম, রাজনৈতিক বিশ্বাস বা জাতি-পরিচয়ের ভিন্নতা নিয়েও হিংসা বা শোষণ মুক্ত জীবন যাপন করার।

আমরা স্বীকার করি যে (আমাদের) সংগঠন জুড়ে এবং আমরা যে স্থানীয় সংগঠনগুলোকে অনুদান দিই, তাদের মধ্যে ক্ষমতার অসাম্য রয়েছে। আমরা স্বীকার করি যে কিছু ব্যক্তি তাদের নিজস্ব লাভের জন্য তাদের এই অসম ক্ষমতার অবস্থানকে কাজে লাগাতে পারে। জিএফসি অসম ক্ষমতা-সম্পর্কের অস্তিত্ব ও তার জটিলতাকে স্বীকার করে এবং তাকে চ্যালেঞ্জ করার পাশাপাশি সুরক্ষার ব্যাপ্তি বৃদ্ধি (safeguarding capacity), তার জন্য জবাবদিহি (accountability), বিবৃতি দেওয়া (reporting) এবং প্রতিক্রিয়া (response) প্রক্রিয়া উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা বিশ্বাস করি যে:

- যে সব সংস্থা বা পেশাদার কর্মীরা ঝুঁকিতে থাকা শিশু, তরুণ এবং প্রাপ্তবয়স্কদের সঙ্গে কাজ করে অথবা তাদের সংস্পর্শে থাকে, সেই সব সংস্থার দায়িত্ব রয়েছে তাদের সুরক্ষা এবং কল্যাণ নিশ্চিত করার।
- জাতিসংঘের শিশু অধিকার সনদে শিশুর কল্যাণ সবচেয়ে গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়।
- বয়স, অক্ষমতা, লিঙ্গ, জাতিগত ঐতিহ্য, ধর্মীয় বিশ্বাস, রাজনৈতিক বিশ্বাস, যৌন দৃষ্টিভঙ্গি বা লিঙ্গ পরিচয় নির্বিশেষে প্রত্যেকেরই সুরক্ষার সমান অধিকার রয়েছে।
- আমাদের কোন আচরণের ফলে ন্যুনতম ক্ষতির সম্ভাবনা যদি থাকে, তাহলে এমন আচরণ পরিহার করার প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখা, বিশেষত সচেতনভাবে তা যদি কারো ট্রমাকে আবার জাগিয়ে তোলে।

এই গ্লোবাল সেফগার্ডিং পলিসি আমাদের সাথে কাজ করা সকল মানুষের সম্মান, সমর্থন এবং সুরক্ষার প্রতি আমাদের অঙ্গীকারকে প্রতিফলিত করে:

আমরা স্বীকার করি যে বিশ্বজুড়ে আমাদের সহভাগী সংগঠন এবং আমাদের দাতা সংগঠনগুলি বিভিন্ন (স্থানীয়) সুরক্ষা আইনের আওতায় কাজ করে, সুরক্ষার বিভিন্ন পরিপ্রেক্ষিতে কাজ করে এবং তাদের নিজস্ব সুরক্ষা চর্চা ও অভ্যাস রয়েছে। আমরা এই ভিন্ন চর্চার অভিজ্ঞতা ভাগ করে নেব এবং তা থেকে শিখব; আমরা এই আলাপ আলোচনার মধ্যে দিয়ে নির্দিষ্ট প্রোগ্রাম এবং সামগ্রিক ভাবে সুরক্ষার বিষয়ে যৌথ সম্মতিতে উপনীত হওয়ার জন্য তাদের সঙ্গে কাজ করবো; এবং নিশ্চিত করব যে তা সুরক্ষা বিষয়ক নির্দিষ্ট আইনের আওতায় নির্দিষ্ট পদ্ধতি মেনেই গৃহীত হবে।

আমরা স্বীকার করি যে বিশ্বজুড়ে আমাদের কর্মী এবং অংশীদারদের সুরক্ষার বিষয়ে বিভিন্ন অভিজ্ঞতা এবং বোঝাপড়া রয়েছে। আমরা শিশু, তরুণ, যুবক, সম্প্রদায় এবং সহকর্মীদের নিরাপত্তাকে, যা কিনা তাদের ক্ষেত্রে সাংস্কৃতিক ও সামাজিকভাবে প্রাসঙ্গিক ও অর্থবহ, তাকে অগ্রাধিকার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের সহভাগী সংগঠনগুলির সঙ্গে সুরক্ষার সংস্কৃতি, নীতি এবং অনুশীলন তৈরি করার জন্য কাজ করবো, কিন্তু তাদের ওপর অবাস্তব বা অনুপযুক্ত প্রত্যাশা বা দাবি না রেখেই। জিএফসির মুলনীতি হল সহভাগী সংগঠনকে সর্বপ্রথম গুরুত্ব দেওয়া। আমরা সহভাগী সংগঠনগুলির স্বাধীনতার প্রতি শ্রদ্ধা এবং তাদের সামগ্রিক জবাবদিহির কথা মাথায় রেখেই তাদের সঙ্গে এই সুরক্ষা নীতির ওপর কাজ করবো।

সুরক্ষা-বিষয়ক ভূমিকা পালন

সংগঠনে একটি শক্তিশালী সুরক্ষা বিষয়ক সংস্কৃতি গড়ে তোলার দায়িত্ব সংগঠনের সকলের। জিএফসির কাজের প্রতিটি ক্ষেত্রে সুরক্ষার বিষয়টিকে সর্বাপেক্ষা গুরুত্ব দেওয়া হয়। সুরক্ষার ভূমিকাগুলির বিশদ বিবরণের জন্য, আমাদের সেফগার্ডিং হ্যান্ডবুকটি দেখুন।

সুরক্ষার ক্ষেত্রে আমাদের দায়িত্ব এবং ভূমিকার যে বিন্যাস, তাতে করে স্পষ্ট হয় যে জিএফসি তার প্রতিটি ক্ষেত্রে সুরক্ষার বিষয়টিকে কতটা গুরুত্ব দেয়।

সকল কর্মীর সর্বদা সুরক্ষা নীতিপালন করা ও সুরক্ষা আচরণবিধি বজায় রাখা উচিত। ক্ষতি বা ঝুঁকির ন্যুনতম সম্ভাবনা দেখা গেলেই সুরক্ষার ভারপ্রাপ্ত টিমের কাছে তা রিপোর্ট করা জরুরি। জিএফসির সুরক্ষা নীতিকে আপনার মানদণ্ড হিসেবে কেন্দ্রে রাখুন। অতীতে সুরক্ষা দিতে ব্যর্থ হয়েছে বা কাজ করেনি, এমন পদ্ধতি ও ঘটনাবলী থেকে শিখতে ইচ্ছুক হন এবং উন্নততর পদ্ধতি প্রণয়ন করে সমাধানের অংশ হয়ে উঠুন।

নেতৃত্ব: নেতৃত্ব বা পরিচালনার দায়িত্ব রয়েছেন, এমন যে কোনও ব্যক্তির জিএফসিতে তাঁদের নিজের টিমে সুরক্ষা সুনিশ্চিত করার অতিরিক্ত দায়িত্ব রয়েছে। এর মধ্যে রয়েছে প্রতিহিংসার ভয় ছাড়াই দলের যে কোন সদস্য নিশ্চিন্তে যাতে সুরক্ষা বিষয়ে তাঁর উদ্বেগ উত্থাপন করতে পারেন, তা সুনিশ্চিত করা, এ সংক্রান্ত খারাপ ও দুর্নীতিপূর্ণ প্রথা বা অভ্যাসকে চ্যালেঞ্জ জানানো এবং জিএফসির সাথে সম্পর্কিত কোনও প্রোগ্রাম, কনভেনিং বা অন্য কোনও ক্রিয়াকলাপ ডিজাইন করার সময় সুরক্ষা বিষয়টি যথেষ্ট বিবেচনা করা হয়েছে কি না তা সুনিশ্চিত করা। এ বিষয়ে দলের প্রয়োজনীয় প্রশিক্ষণ সুনিশ্চিত করাও আপনার দায়িত্ব।

সংগঠনের প্রতিটি বিভাগে সুরক্ষা চ্যাম্পিয়ন জিএফসির সুরক্ষা নীতি এবং পদ্ধতিগুলি প্রচার করে এবং তাদের বিভাগ / দলে এ সংক্রান্ত তথ্য প্রচার করে।

গ্লোবাল ডেজিগনেটেড সেফগার্ড লিড (জিডিএসএল) জিএফসিতে সুরক্ষা কার্যক্রমের নেতৃত্ব দেয় এবং তদারকি করে।

সংস্থা জুড়ে সুসমঞ্জস ভাবে গ্লোবাল সেফগার্ডিং পলিসি বাস্তবায়নের জন্য গ্লোবাল সেফগার্ডিং টিম, গ্লোবাল ডেজিগনেটেড সেফগার্ড লিডকে সহায়তা দেন। গ্লোবাল সেফগার্ডিং টিম হলেন কো-সিইও, প্রোগ্রামের ভাইস প্রেসিডেন্ট এবং অপারেশনের ভাইস প্রেসিডেন্ট।

সুরক্ষার জন্য মনোনীত বোর্ড সদস্য / ট্রাস্টি যথাক্রমে গ্লোবাল বোর্ড সদস্য এবং ইউকে বোর্ড অফ ট্রাস্টির তরফে সুরক্ষা সম্পর্কিত যে কোনও বিষয়ের জন্য এবং কোনও গুরুতর আন্তর্জাতিক ঘটনা যুক্তরাজ্যের চ্যারিটি কমিশন এবং/ অথবা নিয়ন্ত্রক কর্তৃপক্ষ এবং/ অথবা পুলিশের কাছে প্রযোজ্য আইন অনুসারে রিপোর্ট করে।

নাম এবং যোগাযোগের জন্য পরিশিষ্ট ১ দেখুন

রিপোর্টিং এবং প্রতিক্রিয়া পদ্ধতি

সুরক্ষা বিষয়ক উদ্বেগ (safeguarding concern) কী?

সুরক্ষা বিষয়ক উদ্বেগ হল আমাদের কাজের সাথে যুক্ত কেউ (শিশু বা প্রাপ্তবয়স্ক) ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে থাকতে পারে বা কোন ক্ষতি, অপব্যবহার, শোষণ বা হয়রানির শিকার হতে পারে এমন একটি আশঙ্কা বা উদ্বেগ। এটি হতে পারে:

- কেউ আপনাকে তার কোনও ধরণের ক্ষতি, অপব্যবহার, শোষণ বা হয়রানির অভিজ্ঞতা সরাসরি জানাচ্ছে।
- জিএফসির বা তাদের সহভাগী সংগঠনের মধ্যে কোন স্টাফ সদস্য, স্বেচ্ছাসেবক, বোর্ড সদস্য দ্বারা সংঘটিত কোনও ধরণের ক্ষতি, অপব্যবহার, শোষণ বা হয়রানির ঘটনার অভিযোগ, অথবা এই সংক্রান্ত উদ্বেগ জানিয়ে কোন অভিযোগ।
- জিএফসি বা তার সহভাগী সংগঠনের মধ্যে আপনি এমন কিছু অনিরাপদ আচরণ দেখতে পেয়েছেন বা শুনেছেন যা কারো ক্ষতির কারণ হতে পারে বা মানুষকে ক্ষতির ঝুঁকিতে ফেলতে পারে, এমনকি সেটি ইচ্ছাকৃত না হলেও।
- আপনি এমন কিছু দেখেছেন অথবা শুনেছেন যা ইঙ্গিত করে যে কোনও কর্মী সদস্য, স্বেচ্ছাসেবক, বোর্ড সদস্য অথবা সহযোগী জিএফসি সুরক্ষা নীতির বিপরীতে, বা আচরণবিধি লঙ্ঘন করে কাজ করছে।

যে কোনও স্টাফ কল্যাণ সংক্রান্ত উদ্বেগের জন্য, দয়া করে জিএফসি এইচআর টিমের সাথে যোগাযোগ করুন।
যে কোনও সুরক্ষা এবং নিরাপত্তা বিষয়ক উদ্বেগের জন্য, দয়া করে জিএফসি অপারেশন টিমের সাথে যোগাযোগ করুন

আপনার উদ্বেগ স্টাফ ওয়েলফেয়ার বা সেফগার্ডিংয়ের সাথে সম্পর্কিত কিনা তা নিয়ে আপনি যদি নিশ্চিত না হন, তবে দয়া করে এইচআর বা সেফগার্ডিংয়ের যে কারও সাথে যোগাযোগ করুন। তারা আপনাকে সহায়তা দিতে এবং পরবর্তী পদক্ষেপগুলির সমন্বয় করতে সক্ষম হবে।

প্রতিটি উদ্বেগ বা প্রশ্নই বৈধ, তা সে যতই ছোট বা অকিঞ্চিৎকর মনে হোক না কেন, কারণ তা আমাদের কাজের সঙ্গে যুক্ত প্রত্যেকের সুরক্ষা নিশ্চিত করতে আমাদের সহায়তা করে। আপনি যদি নিশ্চিত নাও হন যে কোনও ঘটনা বা আচরণ সুরক্ষার উদবেগের যথেষ্ট কারণ, কি না, তবুও আপনাকে অবশ্যই এটি আপনার ম্যানেজার এবং / অথবা গ্লোবাল ডেজিগনেটেড সেফগার্ডিং লিড ("জিডিএসএল") এর সামনে উত্থাপন করতে হবে। তারা নির্ধারণ করবে যে কোন পদক্ষেপ নিতে হবে, বা আদৌ নিতে হবে কিনা।

আপনার যদি মনে হয় কারো বিপদ বা ক্ষতি আসন্ন অথবা ক্ষতির ঝুঁকি রয়েছে, তাহলে আপনার সাধ্য ও ভূমিকা অনুযায়ী আপনাকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে, উদাহরণ স্বরূপ, জরুরি পরিষেবায় ফোন করা। তবে আপনার সর্বদা নিজের স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করা উচিত এবং কী পদক্ষেপ নেওয়া উচিত তা বিবেচনা করার সময় নিজেকে বা অন্যকে ক্ষতির ঝুঁকিতে না রাখাই উচিত। যত তাড়াতাড়ি সম্ভব, পরিস্থিতি সম্পর্কে তাদের সচেতন করার জন্য আপনাকে অবশ্যই জিডিএসএল-এর সাথে যোগাযোগ করতে হবে যাতে তারা সহায়তা প্রদান করতে পারে এবং সিদ্ধান্ত নিতে পারে যে আরও কী পদক্ষেপ নেওয়া দরকার।

সুরক্ষার উদ্বেগ সম্পর্কে আমার কাকে বলা উচিত?

স্টাফ, বোর্ড সদস্য, সহযোগী, স্বেচ্ছাসেবক এবং ইন্টার্নদের কেউই অবশ্যই বিচ্ছিন্নভাবে কাজ করবেন না । তাঁকে অবশ্যই জিএফসির জিডিএসএল এবং / অথবা তাদের সুপারভাইজারের সাথে সরাসরি পরামর্শ করতে হবে, যিনি কোনও সুরক্ষা উদ্বেগের প্রতিক্রিয়া হিসাবে কোনও পদক্ষেপ নেওয়ার আগে জিডিএসএলের সঙ্গে আলোচনা করবেন। কোনও উদ্বেগ / ঘটনা সম্পর্কে সচেতন হওয়ার ২৪ ঘন্টার মধ্যে আপনাকে অবশ্যই জিডিএসএলকে অবহিত করতে হবে। আপনি safeguarding@globalfundforchildren.org এ ইমেইল করতে পারেন। আপনার উদ্বেগ বেনামে উত্থাপন করতে আপনি GFCSafeguarding@lighthouse-services.com এ ইমেল করতে পারেন।

যদি জিডিএসএল উপস্থিত/ উপলব্ধ না থাকেন এবং ২৪ ঘন্টার মধ্যে আপনার ই-মেইল বিজ্ঞপ্তিতে সাড়া না দেন বা উদ্বেগটি জিডিএসএল সম্পর্কিত হয় তবে আপনি সহ-সিইও, হেইলি রফি, hroffey@globalfundforchildren.org -এর সামনে আপনার উদ্বেগের কারণটি উত্থাপন করতে পারেন। যদি আপনার উদ্বেগ সহ-সিইও সম্পর্কে হয় তবে দয়া করে আমাদের সেফগার্ডিং ট্রাস্টি বা গ্লোবাল বোর্ড সদস্যের সাথে যোগাযোগ করুন। পরিশিষ্ট ১ দেখুন।

আমি রিপোর্ট করার পরে কি হবে?

- জিডিএসএল কর্তৃক প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে আপনার প্রতিবেদন স্বীকার করা হবে।
- জিডিএসএল এবং প্রাসঙ্গিক অন্যান্যরা ৭২ ঘন্টার মধ্যে কর্মের পরিকল্পনা স্থির করবে এবং যেখানে প্রয়োজন সেখানে সিনিয়র লিডারশিপ টিম এবং বোর্ডকে অবহিত করবে।
- জিডিএসএল এবং অন্যরা উদ্বেগের ধরণের উপর নির্ভর করে রেফারেল বা তদন্ত করবে।
- জিডিএসএল আপনাকে দুই সপ্তাহের মধ্যে অগ্রগতি বিষয়ে আপডেট করবে।
- জিডিএসএল যত তাড়াতাড়ি সম্ভব উত্থাপিত উদ্বেগের সমাধান নিরাপদে এবং পুঙ্খানুপুঙ্খভাবে করা হয়েছে তা নিশ্চিত করার চেষ্টা করবে।
- যে কোনও ঘটনার পরে একটি লার্নিং রিভিউ করা হবে যাতে অন্যভাবে কী করা যেত এবং সুরক্ষা নীতি এবং/অথবা পদ্ধতিতে কোনও পরিবর্তন প্রয়োজন কিনা তা পর্যালোচনা করার জন্য।

সুরক্ষা উদ্বেগের পরবর্তী প্রতিক্রিয়ার ক্ষেত্রে জিএফসির বাধ্যবাধকতা জিএফসির ভূমিকার উপর নির্ভর করে সীমাবদ্ধ হওয়া উচিত। বিশেষত, জিএফসি যখন তার দ্বারা অনুদানপ্রাপ্ত কোন (সাংগঠনিক) সত্তা বা ব্যক্তিকে সরাসরি নিয়ন্ত্রণ বা পরিচালনা করে না, তখন তার প্রতিক্রিয়ার সীমা ও বাধ্যবাধকতা, জিএফসি যেখানে সরাসরি নিয়ন্ত্রণ বা পরিচালনা করে, তার তুলনায় অনেক সীমাবদ্ধ হবে। জিএফসির যোগ্যতা ও ভূমিকার বাইরে আমাদের অবশ্যই হস্তক্ষেপ করা বা পরামর্শ দেওয়া উচিত নয়। ফান্ডার হিসেবে জিএফসি কোন কোন শর্ত আরোপ করেছে এবং সেক্ষেত্রে তার ভূমিকার ওপর জিএফসির প্রতিক্রিয়া নির্ভর করবে। এক্ষেত্রে আমাদের ভূমিকার সীমারেখা ও আমাদের অনুদানের প্রতিশ্রুতির সীমারেখা প্রকল্পের পরিকল্পনার শুরুতেই বিবেচ্য।

জিএফসি বিশ্বাস করে পরিস্থিতি অনুযায়ী যথোপযুক্ত এবং কার্যকরী সিদ্ধান্ত নেওয়া গুরুত্বপূর্ণ। যেখানে কোনও সহভাগী সংস্থা দ্বারা কোনও ঘটনা রিপোর্ট করা হয়, সেক্ষেত্রে তারা তাদের সুরক্ষা পদ্ধতি অনুসরণ করে সিদ্ধান্ত গ্রহণে নেতৃত্ব দেবে। তথাপি জিএফসি উপযুক্ত বিকল্প রেফেরাল ব্যবস্থাগুলি সনাক্ত করতে এবং ক্ষেত্র বিশেষে প্রয়োজনে সারভাইভার বা সহভাগী সংগঠনের সহায়তার জন্য জিএফসির এমারজেন্সি তহবিল থেকে অর্থসাহায্য করবে।

যদি কোনও সহভাগী সংস্থা সম্পর্কে সংশয় থাকে, তবে জিএফসি স্থানীয় পরিচিতি / নেটওয়ার্কের মাধ্যমে তাদের সম্পর্কে পরামর্শ চাইতে পারে।

কোন সিদ্ধান্ত বা কাজের দায়ভার জিএফসির ওপর সামগ্রিকভাবে একটি সংগঠন হিসেবে থাকে, কোন ব্যক্তিবিশেষের ওপর নয়।

সুরক্ষা সংক্রান্ত বিশেষ গুরুতর ঘটনার ক্ষেত্রে আমরা চ্যারিটি কমিশন ফর ইংল্যান্ড ও ওয়েলসের নির্দেশিকা অনুসারে অথবা বিচারব্যবস্থার প্রয়োজনীয় নির্দেশিকার সঙ্গে সঙ্গতি রেখে বাধ্যতামূলক রিপোর্টিং এর দায়িত্ব পালন করতে প্রতিশ্রুতিবদ্ধ।

যদি জিএফসি চ্যারিটি কমিশন ফর ইংল্যান্ড ও ওয়েলস, বা অন্য কোনও নিয়ন্ত্রক সংস্থার কাছে সুরক্ষা সংক্রান্ত কোন ঘটনা রিপোর্ট পেশ করে, তবে সেই প্রোগ্রামের অন্য কোন ফান্ডার যার ক্ষেত্রে একই নির্দেশিকা প্রযোজ্য, তাকে শনাক্ত করতে পারলে তাকেও জানাবে।

জিএফসি যে কোনও তদন্ত এবং পরবর্তী পদক্ষেপের উচ্চ-স্তরের ফলাফল তদন্তের সমাপ্তির নিকটতম নির্ধারিত প্রতিবেদন পেশ করার সময়ে ভাগ করে নেওয়ার চেষ্টা করবে। কিন্তু অসাধারণ পরিস্থিতিতে, উদাহরণস্বরূপ, যেখানে এটি স্পষ্ট যে অন্যান্য ফান্ডার বা সহভাগীরা অন্যান্য উৎস থেকে একই তথ্য পেতে পারে, সেক্ষেত্রে জিএফসি একটি সক্রিয় তদন্তের সময়ে বা পূর্ববর্তী সময়ে গোপনীয় শীর্ষ-স্তরের তথ্য ভাগ করে নেওয়ার বিষয়ে বিবেচনা করবে।

জিএফসি তদন্তের সময় এবং শেষে যথাযথ গোপনীয়তা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং যে কোনও তথ্য ভাগ করে নেওয়ার বিষয়টি কেবলমাত্র উচ্চ -পর্যায়ের পর্যালোচনা এবং পদক্ষেপের জন্যই সীমায়িত রাখবে।

আমার কি কোনও সুরক্ষা উদ্বেগ নথিভুক্ত করা দরকার?

মানুষকে নিরাপদ রাখার ক্ষমতা আমাদের এমন একটি সংস্কৃতি তৈরির উপর নির্ভর করে যেখানে প্রত্যেকে, যত ছোটই হোক না কেন, সুরক্ষার বিষয়ে যে কোনও উদ্বেগ বা প্রশ্ন উত্থাপন করতে সক্ষম হয় । আপনি যে কোনও সময় জিডিএসএল-এর সঙ্গে সুরক্ষার বিষয়গুলি নিয়ে আলোচনা করতে পারেন।

যদি জিডিএসএল মনে করে যে এটি একটি সুরক্ষাবিষয়ক উদ্বেগ, তবে তারা আপনাকে যা বলা হয়েছে তা রেকর্ড করতে বলতে পারে যাতে জিএফসি-র কাছে উদ্বেগের সঠিক রেকর্ড থাকে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে:

- উদ্বেগ উত্থাপনকারী ব্যক্তির নাম এবং ভূমিকা
- জড়িত অন্যদের নাম, যেমন ক্ষতির সম্মুখীন ব্যক্তি, কোনও সাক্ষী এবং যদি প্রাসঙ্গিক হয় তবে উদ্বেগের বিষয়
- যা ঘটেছে বলে অভিযোগ করা হয়েছে তার বিবরণ (কখন, কোথায় ইত্যাদি)
- এখন পর্যন্ত গৃহীত যে কোনও পদক্ষেপের সংক্ষিপ্ত বিবরণ
- এ বিষয়ে সারভাইভারের ইচ্ছা কী, সেটি লিপিবদ্ধ করা

এই তথ্য তারা কীভাবে ভাগ করে নেবে:

সমস্ত সুরক্ষা সংক্রান্ত ঘটনার তথ্য একটি কেন্দ্রীয়ভাবে সুরক্ষিত ডাটাবেস-এ সংরক্ষণ করা হয়। গোপনীয় রেকর্ডগুলিতে প্রবেশাধিকার কেবলমাত্র জিডিএসএল এবং গ্লোবাল সেফগার্ডিং টিমের মধ্যে সীমাবদ্ধ; তবে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপযুক্ত জিএফসি কর্মীদের সাথে জিডিএস এল এর লিখিত অনুমতি সাপেক্ষে তথ্য ভাগ করে নেওয়া হয়। প্রতি বছর প্রতিক্রিয়ার কার্যকারিতা মূল্যায়ন করতে, ফাঁকগুলি চিহ্নিত করতে এবং প্রতিক্রিয়ার পদ্ধতিগুলি উন্নত করতে বার্ষিক পর্যালোচনা করা হয়।

আমি যদি উদ্বিগ্ন হই যে জিএফসি কোনও পদক্ষেপ নেবে না / না নেয় তবে আমি কী করব?

- যেখানে আমরা ফিডব্যাক দিতে পারব, আমরা দেব। যাইহোক, এটি এখানে উত্থাপন করা গুরুত্বপূর্ণ যে কিছু ক্ষেত্রে আমরা সুরক্ষার উদ্বেগের গোপনীয় প্রকৃতির কারণে তা ভাগ করতে অক্ষম হব।
- আপনি যদি প্রতিক্রিয়া সম্পর্কে উদ্বিগ্ন হন তবে আপনি জিডিএসএল বা সহ-সিইও হেইলি রফির সাথে যোগাযোগ করতে পারেন
- আপনি জিএফসি হুইসল ব্লোয়ার নীতির মাধ্যমেও উদ্বেগ উত্থাপন করতে পারেন

পোর্টিং ফ্লোচার্ট

গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন দ্বারা অনুমোদিত অভিযোগ জানানোর পদ্ধতির একটি প্রবাহ চিত্র

কোন সাথীর এমন কোন আচরণ লক্ষ্য করা যা উদ্বেগের কারণ ঘটায়

কেউ আপনাকে জানায় যে সে নিজের বা অন্য কারো ক্ষতির ঝুঁকি আশঙ্কা করছে

আপনি নিজে কারো ক্ষতির ঝুঁকির আশঙ্কা করছেন

আপনার নিজের আশঙ্কা হচ্ছে অথবা আপনাকে কেউ জানিয়েছে যে আপনার টীমের কেউ কারো ক্ষতি করেছে

কারো ক্ষেত্রে কি ক্ষতির আশু সম্ভাবনা রয়েছে?

হ্যাঁ

আপনি যদি সেই শিশুটির সঙ্গে থাকেন, তাহলে অনতিবিলম্বে বিষয়টিকে যথোপযুক্ত পরিষেবা প্রদানকারী সংস্থা যেমন পুলিশ, এমারজেন্সি পরিষেবা, বিধিবদ্ধ শিশু সুরক্ষা পরিষেবার গোচরে আনা

আপনি যদি কোন সহযোগী সংস্থার সঙ্গে কাজ করেন, যারা মুলত শিশু সুরক্ষার কাজটি করে থাকে,তাদের যে বিধিবদ্ধ প্রক্রিয়া, সেটি অনুসরণ করবেন।

না

আভ্যন্তরীণ উদ্বেগ

পার্টনারদের উদ্বেগ

বাহ্যিক উদ্বেগ

কোনও প্রতিক্রিয়ার প্রয়োজন নেই

এ বিষয়ে প্রয়োজনীয় ডকুমেন্টেশন সহ ২৪ ঘণ্টার মধ্যে জিডিএসএলকে জানানো

জিডিএসএল হলেন ভিকি ফারগুসন, যাকে এই ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে:

safeguarding@globalfundforchildren.org
or
vferguson@globalfundforchildren.org

ল বোর্ড অফ ডিরেক্টরস এবং ইউকে ট্রাস্ট বোর্ড অফ ট্রাস্টিস দ্বারা 29 অক্টোবর, 2024 এ অনুমোদিত

প্রতিক্রিয়া পদ্ধতি

গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন প্রতিক্রিয়া পদ্ধতির প্রবাহচিত্র

জিডিএসএল হলেন ভিকি ফারগুসন, যাকে এই ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে:

safeguarding@globalfundforchildren.org
or
vferguson@globalfundforchildren.org

জিডিএসএল কে ২৪ ঘণ্টার মধ্যে উপযুক্ত তথ্যাদি সহ জানানো



সংজ্ঞা

জিএফসির সুরক্ষা সংক্রান্ত সংজ্ঞাগুলির একটি শব্দকোষ রয়েছে যা সেফগার্ডিং হ্যান্ডবুকে পাওয়া যাবে

নিরাপদ নিয়োগ

জিএফসির নিরাপদ নিয়োগ পদ্ধতি শিশু, যুবক, অনুদান পাওয়া সহভাগী সংগঠন এবং কর্মীদের জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরির একটি গুরুত্বপূর্ণ অংশ।

জিএফসি এমন কর্মীদের নিয়োগের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যারা ব্যক্তিগত এবং পেশাগত আচরণের সর্বোচ্চ মানের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। এটি কেবলমাত্র প্রোটোকল মেনে চলার বাইরে গিয়ে ব্যক্তির ব্যক্তিগত এবং পেশাগত মুল্যবোধের বিকাশের এমন এক প্রক্রিয়ার কথা বলে যাতে শিশু, যুবক, অনুদানপ্রাপ্ত সহভাগী সংগঠন এবং সহকর্মীদের সুরক্ষা ও কল্যাণ নিশ্চিত করে।

জিএফসি সমস্ত কর্মচারী, পরামর্শদাতা, বোর্ড সদস্য এবং স্বেচ্ছাসেবীদের নিয়োগের জন্য তার চেকলিস্ট এবং প্রটোকল অনুসরণ করে, যা বিজ্ঞাপন পর্ব থেকে শুরু করে নিয়োগের প্রারম্ভিক সময়কাল পর্যন্ত অনুসরণ করা হয়।

আচরণবিধি

সমস্ত কর্মী, বোর্ড সদস্য, স্বেচ্ছাসেবক এবং সহযোগীরা জিএফসি [সুরক্ষা] আচরণবিধি বজায় রাখবেন বলে আশা করা হচ্ছে। এই [সুরক্ষা] আচরণবিধিটি পালনা করা জিএফসির পক্ষে বা এর সাথে কাজ করা যে কোনও ব্যক্তির জন্য বাধ্যতামূলক। জিএফসি [সেফগার্ডিং] আচরণবিধি জানা এবং সমর্থন করা প্রতিটি কর্মচারীর দায়িত্ব। [সুরক্ষা] আচরণবিধির জন্য পরিশিষ্ট ১ দেখুন ।

জিএফসিতে কথা বলার বা যোগাযোগের সুরক্ষা

আপনি সেফগার্ডিং হ্যান্ডবুকে নিরাপদ গল্প বলার বিষয়ে আরও তথ্য এবং গাইডেন্স পাবেন। আমাদের ডেটাসঞ্চয় ব্যবস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য দয়া করে আমাদের গোপনীয়তা নীতি দেখুন।

আমরা এই নির্দেশিকাগুলি অনুসরণ করে আমাদের গল্প বলার ক্ষেত্রে অবদানকারীদের (contributor) স্বার্থ সুরক্ষিত রাখি:

যে কোনও অবদানকারী (এবং, যদি তারা ১৮ বছরের কম বয়সী হয় তবে তাদের পিতামাতা / অভিভাবক) এবং বর্তমানে বা অতীতে তারা যে জিএফসি সহভাগী সংগঠনের সঙ্গে যুক্ত আছেন, তাদের অবশ্যই ছবি তোলা এবং তাদের গল্পটি বলার বিষয়ে অবহিত সম্মতি (informed consent) দিতে হবে।

কোনও বিষয়বস্তু সংগ্রহের আগে অবশ্যই সম্মতি নিতে হবে। অংশগ্রহণকারী এবং/অথবা তাদের বাবা-মা/অভিভাবকদের কাছ থেকে ছবি তোলার জন্য সহভাগী সংগঠনের সম্মতি থাকলে তাদের মাধ্যমে সম্মতি গ্রহণযোগ্য তবে জিএফসি-কে সেই সম্মতির একটি অনুলিপি সংরক্ষণ করতে হবে।

উচ্চ ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে শিশু, তরুণ বা প্রাপ্তবয়স্কদের নিয়ে আলোচনা করা হলে অতিরিক্ত ঝুঁকিগুলি বিবেচনা করা উচিত। যেখানে সন্দেহ রয়েছে, সেখানে বিষয়বস্তুর সিদ্ধান্তগুলি জিডিএসএলের সাথে আলোচনা করা হবে।

আমাদের কমিউনিকেশন মেটিরিয়াল গুলোতে আমরা সাধারণত প্রকৃত নাম ব্যবহার করাই পছন্দ করি। কিন্তু কোন শিশু যদি হিংসা বা নিপীড়নের শিকার হয় যা আমাদের গোচরে আছে, অথবা প্রকৃত পরিচয় ব্যবহার করলে শিশুটির ক্ষতির সম্ভাবনা আছে, তাহলে সেক্ষেত্রে ছদ্মনাম ব্যবহার করতে হবে। একমাত্র ব্যতিক্রম হল ১৮ বছরের বেশি বয়সী কোন ভিক্টিম যদি তার প্রকৃত পরিচয় ব্যবহার করার ব্যাপারে স্বেচ্ছায় লিখিত সম্মতি দেয়।

যৌন উত্তেজক হিসেবে ব্যবহৃত হতে পারে এমন কোন ছবি বা যেখানে ১৮বছরের কম বয়স্ক শিশু সম্পূর্ণ জামাকাপড়ে আবৃত নয়, এমন কোন ছবি ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ পোশাক আবৃত বলতে বোঝায় যেখানে মাথা এবং কনুই থেকে হাত বা হাঁটু থেকে পা পর্যন্ত দেহাংশ কেবল দেখা যায়।

যদি তারা কোনও ছবির উপযুক্ততা সম্পর্কে নিশ্চিত না হয়, তবে বিপণন ও যোগাযোগ বিভাগের সবসময় জিডিএসএল-এর কাছ থেকে পরামর্শ নেওয়া উচিত।

যেখানে জিএফসি ছবি ব্যবহারের জন্য পার্টনারদের কাছ থেকে অবহিত সম্মতি পায়, সেখানে পার্টনারদের নিশ্চিত করতে হবে যে এটি ব্যক্তির কাছ থেকে যথাযথ সম্মতি নিয়ে প্রাপ্ত হয়েছে এবং লিখিত অনুমতির একটি অনুলিপি জিএফসি-এর সাথে ভাগ করে নেওয়া উচিত এবং সেই অনুমতি পত্র জিএফসির বিপণন ও যোগাযোগ বিভাগ দ্বারা নিরাপদে অনলাইনে সংরক্ষণ করা উচিত।

যদি আমরা আমাদের আর্কাইভ থেকে কোন ছবি মুছে ফেলার অনুরোধ পাই, আমরা ৭২ ঘন্টার মধ্যে এটি মুছে ফেলার চেষ্টা করব।

জিএফসি ব্যক্তিগত তথ্য ব্যবহার সম্পর্কিত তার দায়িত্বগুলি অত্যন্ত গুরুত্ব সহকারে গ্রহণ করে। জিএফসি কীভাবে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, পরিচালনা এবং সংরক্ষণ করে সে সম্পর্কে আরও তথ্যের জন্য জিএফসি এর গোপনীয়তা নীতি দেখুন।

সোশ্যাল মিডিয়া ব্যবহার এবং অনলাইনে যোগাযোগ

সমস্ত জিএফসি কর্মীদের তাদের নিজস্ব ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া চ্যানেল এবং তাদের নিজস্ব নামে তৈরি করা কমিউনিকেশন মেটিরিয়াল ব্যবহার করতে চাইলে নিম্নলিখিত নিয়মগুলি অবশ্যই মেনে চলতে হবে।

এই প্রক্রিয়া জিএফসি কর্মীদের আচরণকে ভুল ব্যাখ্যার হাত থেকে রক্ষা করবে এবং তাদের, ও কমিউনিটির মানুষজন – যাদের জন্য কাজ করা – উভয়কেই সুরক্ষিত রাখতে সহায়তা করবে।

- আপনার ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে জিএফসি এবং/অথবা আমাদের পার্টনারদের সাথে জড়িত শিশু বা তরুণদের ছবি বা গল্প সরাসরি পোস্ট করবেন না। সম্মতি, একটি সংস্থা হিসাবে জিএফসি-কে দেওয়া হয়, ব্যক্তিগত ব্যবহারের জন্য কোনও ব্যক্তিকে নয়।

- আপনার ব্যক্তিগত ফোনে জিএফসির পক্ষ থেকে তোলা যে কোনও ফটো সর্বদা মুছুন।

- জিএফসি বা আমাদের পার্টনারদের মাধ্যমে আপনি যে শিশু বা তরুণদের সাথে পরিচিত হয়েছেন, তাদের থেকে যদি সমাজ মাধ্যমে যোগাযোগের অনুরোধ পান, তা গ্রহণ করবেন না বা ব্যক্তিগত স্তরে সামাজিক মিডিয়ার মাধ্যমে তাদের সঙ্গে জড়িত হবেন না, যদি না তারা ওয়াইএলসি সদস্য বা ওয়াইএলসি অ্যালামনাই সদস্য জিডিএসএল না হন।

- আপনি কী পোস্ট শেয়ার করেন এবং সংস্থার ওপর এটি কী প্রভাব ফেলতে পারে সে সম্পর্কে সর্বদা দু'বার চিন্তা করুন।

- কর্মক্ষেত্রে বা ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া চ্যানেলে কখনও কোনও বর্ণবাদী, মানহানিকর, অশ্লীল বা অবমাননাকর বিষয়বস্তু আপলোড বা পোস্ট করবেন না।

- জিএফসি কর্মীরা শুধুমাত্র যোগাযোগের পূর্ব-অনুমোদিত মাধ্যমের দ্বারাই শিশু এবং যুবকদের সাথে যোগাযোগ করতে পারেন।

- শুধুমাত্র বিপণন ও যোগাযোগ বিভাগের সদস্যরাই জিএফসি-র পক্ষ থেকে বাহ্যিক বিষয়বস্তু পোস্ট করতে পারেন। অতএব জিএফসি-র পক্ষ থেকে পোস্ট করার সময়, কোনও শিশু বা তরুণ সম্পর্কে সনাক্তকারী তথ্য (যেমন তাদের নাম, ঠিকানা, তাদের মুখের ছবি বা অন্য কোনও তথ্য যা শিশু বা তরুণকে সনাক্ত করতে পারে) কেবল তখনই পোস্ট করা যাবে যেখানে লিখিত সম্মতি রয়েছে এবং জিএফসির সোশ্যাল মিডিয়া পলিসি অনুসরণ করে পোস্ট করা হয়েছে।

- আরও তথ্যের জন্য দয়া করে আচরণবিধি দেখুন

জিএফসি কর্মীদের উচিত সহভাগী সংস্থাগুলির সঙ্গে অনলাইন যোগাযোগের যথাযথ সীমানা নির্ধারণ করা – যোগাযোগের মাধ্যম, যোগাযোগের সময় এবং যোগাযোগের বিষয়বস্তু সহ। কখনও এমন ধারণা করা উচিত নয় যে জিএফসি-র দলের কোনও সদস্য পার্টনারদের বা তরুণদের কোন হোয়াটসঅ্যাপ গ্রুপে যোগ দেবেন; যদি তা করার জন্য কোনও চাপ তৈরি হয়, তবে তা অবিলম্বে এইচআর/জিডিএসএল-কে রিপোর্ট করা উচিত।

অনুদানপ্রাপ্ত সহভাগী সংগঠন (পার্টনার) এর সঙ্গে কাজ করা

যাতে কোনও কার্যকলাপের ফলে ক্ষতি না হয় তার জন্য, এবং অপব্যবহার রোধে সমস্ত যুক্তিসঙ্গত পদক্ষেপ নেওয়ার জন্য জিএফসি-র একটি আইনি এবং নৈতিক বাধ্যবাধকতা রয়েছে। জিএফসির অনুদানপ্রাপ্ত সহভাগী সংগঠন বা পার্টনার সংগঠনগুলি যাতে শিশু, তরুণ, তাদের কর্মী ও কমিউনিটিকে ক্ষতি, শোষণ বা অপব্যবহারের হাত থেকে রক্ষা করতে পারে, সে বিষয়েও নজর রাখতে হবে।

এমন সংস্থা যারা উদ্ভাবনমূলক কাজ করছে, ও যারা বিকাশের প্রাথমিক পর্যায়ে রয়েছে, তাদের ফান্ড করা জিএফসির লক্ষ্য। সেই কারণে জিএফসি তার সমস্ত রসদ ও সহায়তা এই সব সংস্থাকে প্রদান করার চেষ্টা করে, যাতে তারা নিজেদের সংগঠনে (স্থানীয়ভাবে প্রযোজ্য এবং স্থানীয় সংস্কৃতি অনুমোদিত) এক মজবুত সুরক্ষা বিধি তৈরি করতে ও তার অনুশীলন করতে পারে। আমাদের অনুদানগুলি সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে কিনা, সংগঠনগুলি বাছাই করার সময় যথাযথ যাচাই (ডিউ ডিলিজেন্স) করা হয়েছে কি না, সংগঠনগুলো যথেষ্ট নিরাপত্তার সঙ্গে প্রোগ্রাম করছে কি না এবং তারা ক্রমাগত নিরাপদ আচরণ করছে কি না, এই সব সুনিশ্চিত করার জন্য জিএফসি আইনত দায়বদ্ধ। এই দায়িত্বটি প্রোগ্রামগুলির ভাইস প্রেসিডেন্ট, গ্লোবাল গ্রান্ট মেকিংয়ের পরিচালক এবং প্রতিটি অঞ্চলের জন্য আঞ্চলিক প্রোগ্রাম পরিচালকদের কাছে ন্যস্ত রয়েছে।

জিএফসি স্বীকার করে যে ফান্ডার এবং পার্টনারদের মধ্যে একটি অন্তর্নিহিত ক্ষমতা বৈষম্য রয়েছে। আমরা তাদের সঙ্গে এমন সম্পর্ক তৈরি করতে চাই যাতে তারা জিএফসি কর্মীদের সম্পর্কে, তাদের নিজেদের সংস্থার মধ্যে বা অন্যান্য সংস্থা (ফাউন্ডেশন এবং অন্যান্য দাতা সহ) সম্পর্কে তাদের যে কোনও সুরক্ষা উদ্বেগ থাকলে তা তারা প্রাপ্ত অনুদান স্থগিত হবে কি না বা তা পুনরাবৃত্ত হবে কি না, সে ভয় ছাড়াই আমাদের সঙ্গে আলোচনা করতে সক্ষম হয়। আমরা আরও স্বীকার করি যে সুরক্ষা যুক্তরাজ্য / ইউরোপে নির্মিত একটি ধারণা। অনেক দেশের ভাষায় 'সুরক্ষা' শব্দটির যথাযথ অনুবাদ নেই এবং তাই তাদের সঙ্গে সুরক্ষা, নিরাপত্তা, মঙ্গল, যত্ন এবং সংরক্ষণের মতো সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক ধারণাগুলির নিয়ে কাজ করা গুরুত্বপূর্ণ। সেফগার্ডিং-এর প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি হল মানুষকে নিরাপদ রাখার জন্য চ্যালেঞ্জিং পরিস্থিতিতে পার্টনাররা ইতিপূর্বে কী করছে সে সম্পর্কে শোনা এবং তার থেকে শেখা।

আমাদের পার্টনার সংগঠনগুলি যাতে তাদের নিজস্ব স্থানীয় সংস্কৃতি ও প্রেক্ষাপটে তাদের সুরক্ষামূলক পদ্ধতির অনুশীলন করতে পারে এবং পাশাপাশি স্থানীয় আইন ও রীতিনীতির প্রেক্ষাপটে জিএফসি গ্লোবাল সেফগার্ডিং নীতিকে তাদের প্রয়োগ-উপযোগী করে তুলতে পারে, আমাদের আঞ্চলিক দলগুলি তা নিশ্চিত করার ক্ষেত্রে মূল ভূমিকা পালন করে।

জিএফসি-র প্রতিটি প্রোগ্রাম ভিন্ন হবে, এবং ঠিক সেভাবেই প্রোগ্রামগুলো সেফগার্ডিং বিষয়টিকে কিভাবে অনুশীলন করবে, তার চেহারাও আলাদা হবে। অনুরোধ করা হচ্ছে যে প্রতিটি প্রোগ্রামের মধ্যেই যেন সুরক্ষার নীতিটি অন্তর্ভুক্ত করা হয় এবং কোন কোন কার্যকলাপ বা এক্টিভিটির মধ্যে দিয়ে এই সুরক্ষা সুনিশ্চিত করা হয় তার সুনির্দিষ্ট রূপরেখা যেন থাকে এবং সে বিষয়ে সহভাগী সংস্থার সম্মতিক্রমে তা যেন চুক্তিপত্রে বিবৃত হয়।

সেফগার্ডিং প্ল্যান কী?

একটি সেফগার্ডিং প্ল্যান GDSL এবং প্রোগ্রাম ম্যানেজারের মধ্যে পারস্পরিক সম্মতির ভিত্তিতে গৃহীত হয় । এই প্ল্যানে উক্ত প্রোগ্রামের বিশেষ ঝুঁকিগুলো চিহ্নিত করণ এবং ঐ ঝুঁকি হ্রাসের জন্য গৃহীত ব্যবস্থানির্দিষ্ট করা হবে। এতে উল্লেখ থাকবে, GFC টিম ঝুঁকি কমাতে কী কী পদক্ষেপ নেবে এবং এই প্রোগ্রামের জন্য সহযোগী সংগঠনগুলোর কাছে সেফগার্ডিং সংক্রান্ত কী চাহিদা থাকবে। এই চাহিদাগুলো অবশ্যই কাজের পরিধি এবং প্রেক্ষাপটের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ও প্রাসঙ্গিক হতে হবে।

শিশু এবং তরুণদের সাথে সরাসরি কাজ করা

জিএফসির প্রতিটি প্রোগ্রামের চেহারা আলাদা এবং প্রত্যেক স্থানে জিএফসি ভিন্ন ভিন্ন গ্রুপের সঙ্গে কাজ করে। তবে জিএফসি সরাসরি শিশু এবং তরুণদের সঙ্গে নিয়মিত কাজ করা শুরু করেছে। শিশু এবং তরুণদের সাথে সরাসরি কাজ করার ক্ষেত্রে সুরক্ষার বিষয়ে নির্দিষ্ট কিছু ঝুঁকি রয়েছে, যা প্রোগ্রামের শুরুতে বিবেচনা করা দরকার এবং সুরক্ষা কর্মসূচি পরিকল্পনা করা উচিত।

এই কাজটি সমর্থন করার জন্য জিএফসির গাইডেন্স ডকুমেন্ট রয়েছে, যার মধ্যে রয়েছে:

- অনলাইন সুরক্ষা নির্দেশিকা
- একাকী কাজের পদ্ধতি
- আহ্বায়ক গাইড

গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন সেফগার্ডিং পলিসি বা সেফগার্ডিং হ্যান্ডবুকের মধ্যে যে কোনও বিষয়ে আরও তথ্য বা নির্দেশিকার জন্য আপনি safeguarding@globalfundforchildren.org এ সেফগার্ডিং টিমের সাথে যোগাযোগ করতে পারেন বা সরাসরি গ্লোবাল ডেজিগনেটেড সেফগার্ডিং লিডের সাথে যোগাযোগ করতে পারেন vferguson@globalfundforchildren.org ইমেলের দ্বারা।

পরিশিষ্ট ১ – সুরক্ষা বিষয়ে কার সঙ্গে যোগাযোগ করতে হবে

জিডিএসএল –ভিকি ফার্গুসন, vferguson@globalfundforchildren.org

সেফগার্ডিং টিম: সহ-সিইও – হেইলি রফি, প্রোগ্রামের ভাইস প্রেসিডেন্ট – কোরি ওসার এবং অপারেশনের ভাইস প্রেসিডেন্ট – পামার শেফার্ড

ইউকে ট্রাস্টের সেফগার্ডিং ট্রাস্টি – মুনা ওয়েহবে

সেফগার্ডিং গ্লোবাল বোর্ড সদস্য – জোয়ান লোম্বার্ডি

পরিশিষ্ট ২ – জিএফসি সুরক্ষা আচরণবিধি

সমস্ত গ্লোবাল ফান্ড ফর চিলড্রেন (জিএফসি) কর্মীদের স্থানীয় প্রেক্ষাপটে তাদের প্রভাব সম্পর্কে সচেতন হওয়া উচিত এবং অন্যান্য দেশ/প্রেক্ষাপটে সহভাগীদের অনুদান দেওয়ার জন্য পরিদর্শন করারআগে সে দেশের স্থানীয় বিভিন্ন সাংস্কৃতিক রীতি রেওয়াজের সঙ্গে পরিচিত হওয়া উচিত। জিএফসি একটি আন্তর্জাতিক সংস্থা, তাই এই আচরণবিধি আন্তর্জাতিক এবং জাতিসংঘের মানদণ্ড অনুযায়ী তৈরি করা হয়েছে। জিএফসি-র কর্মীদের যেখানেই তারা কাজ করেন সেখানে স্থানীয় আইন মেনে চলতে হবে। তবে যেখানে জিএফসি কোড অফ কন্ডাক্ট এর বিধি তুলনায় কঠোরতর, সেক্ষেত্রে এই কোডটি প্রযোজ্য হবে এবং অবশ্যই মেনে চলতে হবে।

আমরা প্রতিটি শিশু, যুবক, সহকর্মী, অংশীদার সংগঠন এবং সম্প্রদায়ের সর্বোত্তম স্বার্থের (best interest) রক্ষা যাতে হয়, তার উদ্দেশ্যে স্বচ্ছতা এবং সাধারণ জ্ঞান ব্যবহার করে এই আচরণবিধির ব্যাখ্যা করতে উৎসাহিত করি।

এই আচরণবিধি আমাদের সমস্ত পরিচালক/ট্রাস্টি/কর্মী, সহযোগী, স্বেচ্ছাসেবক এবং ইন্টার্ন এবং জিএফসি-র অনুরোধে জিএফসি প্রোগ্রাম বা জিএফসি-সমর্থিত প্রোগ্রামগুলিতে আসা অন্যদের কাছ থেকে আমরা যে আচরণ আশা করি, তাকে সংজ্ঞায়িত করে। আচরণবিধি জুড়ে যেখানে যেখানে "কর্মী" (staff) শব্দটি ব্যবহার করা হয়েছে, সেখানে উল্লিখিত সমস্ত ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

আচরণবিধি একটি অবশ্যপালনীয় নথি এবং যে কোনও পরিস্থিতিতে এটি অনুসরণ করা বাধ্যতামূলক। এটি কাজের সময়ে এবং তার বাইরেও অনুসরণ করতে হবে।

শারীরিক, মৌখিক, মানসিক বা যৌন যে কোনও ধরণের অপব্যবহার এবং শোষণের ক্ষেত্রে জিএফসির শূন্য-সহনশীলতা নীতি রয়েছে। এই কোডের যে কোনও লঙ্ঘন গুরুত্ব সহকারে নেওয়া হবে এবং তদন্ত করা হবে। এর ফলে শাস্তিমুলক পদক্ষেপ (তৎকাল বরখাস্ত সহ) এবং / অথবা পুলিশ বা অন্যান্য বিধিবদ্ধ সংস্থার মতো প্রাসঙ্গিক কর্তৃপক্ষের কাছে রেফার করা হতে পারে।

দায়িত্ব

- অন্যান্য কর্মী, কমিউনিটির মানুষ, এবং সহভাগী সংগঠনের তুলনায় আপনার যে ক্ষমতা এবং বিশেষাধিকার রয়েছে সে সম্পর্কে আপনার সচেতন থাকা উচিত।
- জিএফসি কর্মীরা তাদের ব্যক্তিগত জীবন কীভাবে পরিচালনা করবে, তা জিএফসি নির্দেশ করতে চায় না। কিন্তু কোন বেআইনি কাজ, কোড অফ কন্ডাক্ট বিরোধী কাজ, যা জিএফসি-র সুনামকে কলঙ্কিত করতে পারে, বা যা তার অবস্থানকে বিপন্ন করতে পারে, অথবা জিএফসি এবং তার কর্মীদের ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে ফেলে দিতে পারে, তা এই কোডের উল্লঙ্ঘন হিসাবে বিবেচিত হবে এবং তার জন্য পারফরমান্স ম্যানেজমেন্ট এর শাস্তিমূলক ব্যবস্থার সম্মুখীন হতে হবে।
- নিশ্চিত করুন যে আপনি জিএফসি নীতি এবং পদ্ধতিগুলি পড়েছেন, বুঝেছেন এবং তা পালন করতে প্রতিশ্রুতিবদ্ধ। আচরণবিধির যে সকল ধারা আপনি বুঝতে পারেন নি, সেটি সম্পর্কে ধারণা স্পষ্ট করে নেওয়া আপনার দায়িত্ব।
- জিএফসি কোড অফ কন্ডাক্ট আপনি কীভাবে সংস্থার মধ্যে কাজ করবেন, তার একটি নির্দেশিকা নথি বা গাইডিং ডকুমেন্ট। নিজের দায়িত্ব ও কর্তব্যের যথাযথ পালনের জন্য মাঝেমাঝেই আপনাকে এটির পর্যালোচনা করে নিজেকে আপ টু ডেট রাখতে হবে।

\

দায়িত্ব (চলবে...

- লাইন ম্যানেজারদের নিশ্চিত করা উচিত যেন দলের সদস্যরা আচরণবিধি সম্পর্কে সচেতন থাকেন।
- কখনো বেআইনি কাজে জড়াবেন না।
- কখনই এমন আচরণ করবেন না যা জিএফসির মূল্যবোধ এবং মিশনের বিপরীত বা সংস্থার খ্যাতিকে নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে ।
- জিএফসির সহভাগী সংস্থাগুলির সঙ্গে কাজ করার সময়ে, সাইটে থাকাকালীন সময়ে বা অফ-সাইট অধিবেশন চলাকালীন ধূমপান বা মদ্যপান করবেন না।
- ·জিএফসির সহভাগী সংস্থা গুলির সঙ্গে কাজ করার সময়ে অন-সাইট বা অফ-সাইট, কোন সময়েই চিকিৎসক অনুমোদিত ড্রাগের বাইরে অন্য কোন রকম ড্রাগ সেবন করা চলবে না।
- জিএফসির সহভাগী সংস্থা গুলির সঙ্গে কাজ করার সময়ে অন-সাইট বা অফ-সাইট, কোন সময়েই চিকিৎসক অনুমোদিত ড্রাগের বাইরে অন্য কোন রকম ড্রাগ সেবন করা চলবে না। [চিকিৎসক দ্বারা অনুমোদিত নয় এমন ড্রাগ সেবন করা কোনও সময়ই অনুমোদিত নয়।]
- ·এমন সভা যা জিএফসি আয়োজিত বা যেখানে জিএফসি সহ-আয়োজক, যেখানে মদ পরিবেশিত হচ্ছে বা কেউ স্পন্সর করছে, (উদাহরণ স্বরুপঃ ফাণ্ড রেইজিং গালা, অধিবেশন-পরবর্তী উদযাপন ডিনার, পুরস্কার প্রদান অনুষ্ঠান ইত্যাদি) সেখানে জিএফসির কর্মী, কন্সাল্টান্ট, ইন্টার্ন, স্বেচ্ছাসেবক প্রভৃতি নিজস্ব বিচার বিবেচনা প্রয়োগ করে তবেই মদ্যপান করবেন।
- ·আশা করা যায় যে সমস্ত জিএফসি-সমর্থিত ইভেন্টগুলিতে জিএফসি কর্মীরা এমনভাবে আচরণ করবেন যা জিএফসির মর্যাদা ও মূল্যবোধকে সমুন্নত রাখবে।
- ·কোন রকম অপব্যবহার সম্পর্কে সন্দেহ হলে সেফগার্ডিং পলিসিতে বর্ণিত জিএফসি রিপোর্টিং পদ্ধতি ব্যবহার করে অবিলম্বে অপব্যবহারের অভিযোগ বা সন্দেহ রিপোর্ট করুন।

অধিকার ও সম্মান

- কখনও কোনও ধরণের আপত্তিজনক, অবমাননাকর অথবা শোষণমূলক আচরণে জড়িত হবেন না।
- কখনও কাউকে যৌন নির্যাতন, শোষণ বা হয়রানি করবেন না।
- কোনও বয়সের, কারও সাথে, কোনও ধরণের যৌন পরিষেবা বা সেক্স কেনাবেচা করা যাবে না ।
- যৌন অনুগ্রহ সহ যৌনতার জন্য কখনই অর্থ, কর্মসংস্থান, পণ্য বা পরিষেবা বিনিময় করবেন না।
- জিএফসি-র অনুদান প্রাপ্ত বা সমর্থিত প্রোগ্রামগুলিতে অংশগ্রহণকারী বা যুক্ত প্রাপ্তবয়স্কদের সাথে কখনই যৌন সম্পর্কে জড়িত হবেন না। আপনি স্বার্থের সংঘাত নীতিতে এই সম্পর্কে আরও তথ্য পেতে পারেন।
- আমরা আমাদের কর্মীদের স্বীকার করতে বলি যে সহকর্মী বা অনুদানগ্রহীতা সহভাগীদের সাথে যৌন সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে অন্তর্নিহিত স্বার্থের দ্বন্দ্ব এবং ক্ষমতার অপব্যবহারের সম্ভাবনা রয়েছে। আপনি যদি এই জাতীয় সম্পর্কের মধ্যে জড়িয়ে পড়েন, তবে অবিলম্বে আপনার ম্যানেজারকে অবহিত করুন এবং এক্ষেত্রে স্বার্থের সংঘাত জনিত সমস্যার মীমাংসা করুন।
- ফান্ডার / গ্রান্টি সম্পর্কের অন্তর্নিহিত ক্ষমতা- বৈষম্যের সম্পর্কে সর্বদা সচেতন থাকুন এবং কোনও সুবিধা নেওয়া এড়িয়ে চলুন।
- পার্থক্যকে সম্মান করুন এবং লিঙ্গ, যৌন অভিমুখিনতা, সংস্কৃতি, জাতি, বর্ণ, অক্ষমতা এবং ধর্মীয় বিশ্বাসের ভিত্তিতে বৈষম্য মূলক আচরণ করবেন না।
- শিশু ও তরুণদের সঙ্গে কাজ করার সময় এমন কোন আচরণ করবেন না যা ভীতি প্রদর্শন মূলক মনে হয়, তা, মৌখিক হুমকিই হোক, বা শারীরিক শাস্তিদান বা শারীরিক বলপ্রয়োগ করাই হোক।
- শিশু এবং তরুণদের সামনে কখনও ব্যঙ্গাত্মক, সংবেদনশীল, অবমাননাকর বা যৌন ইঙ্গিতপূর্ণ মন্তব্য বা অঙ্গভঙ্গি করবেন না।
- সহকর্মী এবং সহভাগীদের সঙ্গে আচরণের সময় সীমারেখা মেনে চলা উচিত ।
- পর্নোগ্রাফিক, মানহানিকর, আপত্তিজনক, যৌনগন্ধী, কুসংস্কারমূলক বা বর্ণবাদী বার্তা দেয়, এমন বিষয়বস্তু দেখতে, ডাউনলোড, তৈরি বা বিতরণ করতে সংস্থার কম্পিউটার বা অন্যান্য সরঞ্জাম কখনই ব্যবহার করবেন না।

শিশু এবং যুবকদের সাথে সরাসরি সম্পর্ক

- জাতিসংঘের শিশু অধিকার সনদে বর্ণিত শিশুদের অধিকার, পরিপ্রেক্ষিত, সংস্কৃতি এবং বিশ্বাসের প্রতি শ্রদ্ধাশীল হোন।
- আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সামঞ্জস্য রেখে, সম্মতির বয়স, স্থানীয় রীতিনীতি বা আপনি যে দেশে আছেন সেখানে কার্যকর আইন নির্বিশেষে ১৮ বছরের কম বয়সী শিশুদের সাথে যৌন কার্যকলাপে জড়িত হবেন না।
- শিশুশ্রম বা পাচারসহ কোনও শোষণমূলক কর্মকাণ্ডে জড়িত হবেন না।
- বাচ্চাদের নিয়ে বানানো পর্নোগ্রাফি কখনই দেখবেন না, বা তৈরি করবেন না বা শেয়ার করবেন না এবং/অথবা পর্নোগ্রাফি জাতীয় উপাদান বাচ্চাদের সামনে কখনো দেখাবেন না।
- ·টু-অ্যাডাল্ট রুল'-এর ব্যবহার নিশ্চিত করুন। এর অর্থ হল, শিশু এবং যুবকদের সঙ্গে আলাপচারিতার সময় অন্য কোনও প্রাপ্তবয়স্ক যেন সবসময় উপস্থিত থাকে বা নাগালের মধ্যে থাকে, তা নিশ্চিত করার চেষ্টা করুন। যদি দুই-প্রাপ্তবয়স্ক নিয়ম পালন সম্ভব না হয় তবে শিশু বা যুবকের নিরাপত্তা ও মর্যাদার বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। যদি আপনি কোনও শিশু এবং অল্পবয়সি ব্যক্তির সঙ্গে একা থাকেন, তাহলে একজন সহকর্মীকে জানান যে এটি ঘটেছে এবং যদি আপনার সাথে কথোপকথনকালে উদ্বেগজনক কিছু ঘটে থাকে, সে বিষয়েও আপনার সহকর্মীকে জানান। আরও তথ্যের জন্য, আপনি একাকী কাজের নির্দেশিকা এবং অনলাইন যোগাযোগ নির্দেশিকা দেখতে পারেন।
- একটি শিশু বা তরুণের ব্যক্তিগত গোপনীয়তার অধিকারকে সম্মান করুন এবং সংবেদনশীল বিষয় নিয়ে আলোচনা করার সময় সতর্কতা অবলম্বন করুন। কোনও একটি শিশু বা তরুণের সঙ্গে অতিরিক্ত সময় কাটানো বা কোন ধরণের পক্ষপাতিত্ব দেখানো এড়িয়ে চলুন।
- এককভাবে কোনও শিশু, তরুণ বা তাদের পরিবারকে কখনই অর্থ বা কোনও ধরণের উপহার দেবেন না। আপনি যদি কোনও শিশু বা তরুণ ব্যক্তিকে উপহার দিতে চান তবে এটি অবশ্যই প্রোগ্রাম ম্যানেজার বা সহভাগী সংগঠনের সঙ্গে আগে থেকেই সম্মতিক্রমে হতে হবে।
- বাচ্চাদের বা কোনও অল্প বয়স্ক ব্যক্তিকে কখনই আপনার ব্যক্তিগত যোগাযোগের বিশদ (সেল নম্বর, ইমেল বা ঠিকানা) দেবেন না বা ব্যক্তিগত ইমেল, ফোন বা সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টের মাধ্যমে তাদের সাথে যোগাযোগ করবেন না। অপ্রাপ্তবয়স্কদের সাথে সমস্ত ইমেল যোগাযোগ অবশ্যই বৈধ কাজের সাথে সম্পর্কিত কারণে হতে হবে, অবশ্যই আপনার অফিসিয়াল জিএফসি অফিসের ইমেল ঠিকানার মাধ্যমে হতে হবে এবং ইমেল চেইনে কমপক্ষে দু'জন জিএফসি দলের সদস্য অন্তর্ভুক্ত থাকতে হবে। শিশুটি অনূর্ধ্ব ১৮ হলে আপনাকে পিতামাতার সম্মতির জন্যও অনুরোধ করা উচিত। আরও তথ্যের জন্য অনলাইন যোগাযোগের নির্দেশিকা দেখুন
- আপনার বাড়ি, হোটেল বা অন্য কোনও ব্যক্তিগত স্থানে কখনই শিশু বা তরুণকে নিয়ে যাবেন না।
- কোনও শিশু বা যুবকের সঙ্গে কখনও কোনও ধরনের যৌন সম্পর্কে জড়াবেন না। একটি শিশু বা তরুণের বয়স সম্পর্কে ভুল ধারণা কোনও প্রতিরক্ষা নয়।
- শিশুদের নিয়ে বানানো পর্নোগ্রাফি কখনই দেখবেন না, প্রকাশ করবেন না, উত্পাদন করবেন না বা শেয়ার করবেন না এবং/অথবা বাচ্চাদের এই জাতীয় উপাদান দেখাবেন না।

সামাজিক মাধ্যমের ব্যবহার এবং অনলাইনে যোগাযোগ

নিম্নলিখিত নিয়মগুলি অবশ্যই সমস্ত জিএফসি কর্মীদের অনুসরণ করতে হবে যাতে আচরণের কোন রকম ভুল ব্যাখ্যার সুযোগ না থাকে এবং নিজেদের ও অন্য জিএফসি কর্মীর সংস্পর্শে আসা সমস্ত শিশু ও তরুণের সুরক্ষা বজায় থাকে:

- আপনার ব্যক্তিগত সামাজিক মাধ্যমের অ্যাকাউন্টগুলিতে জিএফসি এবং / তাদের সহভাগী সংগঠনের সাথে জড়িত শিশু বা তরুণদের সম্পর্কে সরাসরি ছবি বা গল্প পোস্ট করবেন না। সম্মতি শুধুমাত্র সংস্থা হিসাবে জিএফসি-কে দেওয়া হয়, ব্যক্তিগত ব্যবহারের জন্য ব্যক্তিকে নয়। আপনি জিএফসি বা পার্টনারদের করা পোস্ট শেয়ার করতে পারেন।
- জিএফসি-র পক্ষ থেকে পোস্ট করার সময়, কোনও শিশু বা তরুণ সম্পর্কে সনাক্তকারী তথ্য (যেমন তাদের নাম, ঠিকানা, তাদের মুখের ছবি, বা অন্য কোনও তথ্য যা শিশু বা তরুণকে সনাক্ত করতে পারে) কেবল তখনই পোস্ট করা উচিত যেখানে স্পষ্ট সম্মতি পাওয়া গেছে এবং জিএফসির তা স্টোরিটেলিং-এর সুরক্ষা নীতি অনুযায়ী।
- জিএফসি বা আমাদের পার্টনারদের মাধ্যমে আপনি যে শিশু বা তরুণদের সাথে পরিচিত হয়েছেন, তাদের থেকে যদি সমাজ মাধ্যমে যোগাযোগের অনুরোধ পান, তা গ্রহণ করবেন না বা ব্যক্তিগত স্তরে সামাজিক মিডিয়ার মাধ্যমে জড়িত হবেন না, যদি না তারা ওয়াইএলসি সদস্য বা ওয়াই এল সি অ্যালামনাই সদস্য জিডিএসএল হন।
- আপনি কী পোস্ট/শেয়ার করেন এবং সংস্থার উপর এর কী প্রভাব পড়তে পারে সে সম্পর্কে সর্বদা দুবার ভাবুন। কখনও কোনও বর্ণবাদী, মানহানিকর, অশ্লীল বা অবমাননাকর বিষয়বস্তু আপলোড বা পোস্ট করবেন না।
- জিএফসি কর্মীরা শুধুমাত্র যোগাযোগের পূর্ব-অনুমোদিত মাধ্যমের মাধ্যমে শিশু এবং যুবকদের সাথে যোগাযোগ করতে পারে।
- ·জিএফসি কর্মীদের অংশীদার সংস্থাগুলির সাথে যথাযথ অনলাইন যোগাযোগের সীমানা নির্ধারণ করা উচিত - যোগাযোগের চ্যানেল, যোগাযোগের সময় এবং যোগাযোগের বিষয়বস্তু সহ। জিএফসির কাজের আন্তর্জাতিক প্রেক্ষিত এর কারণে যোগাযোগের উপযুক্ত চ্যানেল বা সময় নমনীয় হওয়া উচিত। এ বিষয়ে জিএফসির কর্মীদের তাদের বিবেচনা অনুযায়ী সঠিক সিদ্ধান্ত নিতে হবে। কোনও প্রশ্ন থাকলে তাদের তত্ত্বাবধায়ককে জিজ্ঞাসা করতে হবে ।

আরও দিকনির্দেশনার জন্য আপনি নিরাপদ যোগাযোগ নির্দেশিকা দেখতে পারেন।

আচরণবিধির যথাযথ পালন

যদি এই কোডে থাকা প্রত্যাশাগুলি লঙ্ঘন করেছে এমন কোন ঘটনা আপনি প্রত্যক্ষ করেছেন, বা কেউ আপনার গোচরে এনেছে, অথবা আপনি সম্ভাব্য অপব্যবহারের আশঙ্কা করছেন, তবে তা আপনি অবিলম্বে আপনার লাইন ম্যানেজারের নজরে আনতে বাধ্য। আপনি গোপনীয় ভাবে জিডিএসএলে বা বেনামী রিপোর্টিং লাইনের মাধ্যমে জানাতে পারেন - GFCSafeguarding@lighthouse-services.com

একজন ব্যক্তি বেনামী ভিত্তিতে রিপোর্ট করতে পারেন, যদিও এটি অভিযোগগুলি পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করার জিএফসি-র ক্ষমতাকে বাধা দিতে পারে। যে ব্যক্তি সৎ বিশ্বাসে রিপোর্ট করবেন তিনি কোনও ধরনের প্রতিশোধের শিকার হবেন না। এই ক্ষেত্রে, যে কোনও প্রতিবেদন জিএফসি হুইসল ব্লোয়ার নীতি দ্বারা প্রদত্ত সুরক্ষার সাপেক্ষে হবে।

আপনি যদি আচরণবিধি বা জিএফসি-র নীতি লঙ্ঘনের সাক্ষী হন বা সন্দেহ করেন এবং আপনার লাইন ম্যানেজার, এইচআর, জিডিএসএল বা কার্যনির্বাহী দলের কোনও সদস্যের কাছে রিপোর্ট না করেন তবে আপনি শৃঙ্খলামূলক পদক্ষেপের মুখোমুখি হতে পারেন।

কোনও সহকর্মী সম্পর্কে কোনও মিথ্যা অভিযোগ আনলে শাস্তিমূলক শৃঙ্খলা পদক্ষেপ নেওয়া হবে (শৃঙ্খলা ও হুইসল ব্লোয়িং নীতি দেখুন)।

global fund for children

Global Fund for Children

globalfundforchildren.org